আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
ANSAR-VDP UNNAYAN BANK

আইসিটি বিভাগ

তারিখ: ১৫-০২-২০২২

বিষয়ঃ ইনোভেশন কমিটির ফেব্রুয়ারি-২০২২ এর মাসিক সভার কার্যবিবরণী

সভার সভাপতিঃ জনাব মোঃ আলাউদ্দিন, মহাব্যবস্থাপক (প্রশাসন মহাবিভাগ) এবং ইনোভেশন অফিসার।
সভার স্থানঃ ইনোভেশন অফিসারের অফিস কক্ষ
সভার তারিখঃ ১৫-০২-২০২২
সময়ঃ বিকাল ০৩:৩০ ঘটিকা

সভায় কমিটির নিম্নোক্ত নির্বাহী-কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন:
১. জনাব মোঃ আলাউদ্দিন, মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং ইনোভেশন অফিসার, এভিইউবি, প্রকা, ঢাকা।
২. জনাব মোঃ আব্দুর রহিম, সহকারী মহাব্যবস্থাপক, প্রশিক্ষণ ও মানব সম্পদ বিভাগ, এভিইউবি, প্রকা, ঢাকা।
৩. জনাব মোঃ মিজানুর রহমান, সহকারী মহাব্যবস্থাপক, নিরীক্ষা ও পরিদর্শন বিভাগ, এভিইউবি, প্রকা, ঢাকা।
৪. জনাব মোহাম্মদ হাসান মাহমুদ, সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ, এভিইউবি, প্রকা, ঢাকা।
৫. জনাব পলাশ হালদার, প্রিন্সিপাল অফিসার, আইসিটি বিভাগ, এভিইউবি, প্রকা, ঢাকা।

সভার শুরুতে ইনোভেশন টিমের সভাপতি ও মহাব্যবস্থাপক (প্রশাসন মহাবিভাগ) মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে পূর্ববর্তি সভার কার্যবিবরণী উপস্থাপন করেন জনাব মোঃ আব্দুর রহিম, সহকারী মহাব্যবস্থাপক, প্রশিক্ষণ ও মানব সম্পদ বিভাগ মহোদয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। পূর্ববর্তি সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং অদ্যকার সভায় বিশদ আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র নং	আলোচনার বিষয়	আলোচনা	সভার সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
১.১	২০২১-২০২২ অর্থ বছরের উদ্ভাবনী উদ্যোগ- “মোবাইল এ্যাপ” সফটওয়্যার ডেভেলপ করা এবং বাস্তবায়ন প্রসঙ্গে	ইনোভেশন অফিসার মহাব্যবস্থাপক (প্রশাসন) জনাব মোঃ আলাউদ্দিন মহোদয়ের মেন্টরিং এবং সার্বিক নির্দেশনায় ইনোভেশন টিমের সদস্য জনাব পলাশ হালদার এবং জনাব মোঃ আলাউদ্দিন মহোদয় কর্তৃক ডেভেলপকৃত মোবাইল এ্যাপস সফটওয়্যারটি সভায় উপস্থাপন করা হয়। সফটওয়্যারটি ডেভেলপমেন্টের জন্য সভাপতি মহোদয়ও কাজ করেন। সভায় মোবাইল এ্যাপস সফটওয়্যারটি ডেভেলপমেন্টের জন্য ইনোভেশন কমিটির পক্ষ থেকে জনাব মোঃ আলাউদ্দিন এবং জনাব পলাশ হালদার -কে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।	১। নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় কাজ সম্পন্ন করতে হবে। ২। প্রস্তুতকৃত মোবাইল এ্যাপস সফটওয়্যারটি পাইলটিং এবং মূল্যায়নের জন্য প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ, আঞ্চলিক কার্যালয় এবং ইনোভেশন কমিটির সমন্বয়ে মূল্যায়ন সভা আহবান করতে হবে। ৩। যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা শেষে মোবাইল এ্যাপস সফটওয়্যারটি অবমুক্তকরণের উদ্যোগ হিসেবে ব্যাংকের ওয়েবসাইটে লিংক প্রদান এবং Google PlayStore এ upload করণের ব্যবস্থা গ্রহন করতে হবে।	আইসিটি বিভাগ

Head Office: 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217.
Phone No: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615
www.ansarvdpbank.gov.bd E-mail: info@ansarvdpbank.gov.bd

ক্র নং	আলোচনার বিষয়	আলোচনা	সভার সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
১.২	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	ব্যাংকের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন করার জন্য কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ গুরুত্ব আরোপ করেন এবং একমত পোষণ করেন। আগামী এপ্রিল-২০২২ মাসের মধ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ আয়োজনের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।	আগামী এপ্রিল-২০২২ মাসের মধ্যে ২টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	প্রশিক্ষণ ও মানব সম্পদ বিভাগ
১.৩	৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলা	৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় ব্যাংকের করণীয় নির্ধারণে ব্যাংকের কর্মরত কর্মকর্তাদের এ বিষয়ে অবহিতকরণ ও প্রশিক্ষণ প্রদানের জন্য বিশদ আলোচনা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনায় সভাপতি মহোদয় দ্রুততম সময়ের মধ্যে ০২ টি কর্মশালা আয়োজনের নির্দেশনা প্রদান করেন।	ব্যাংকের রিসোর্স পারসন সহযোগিতায় আগামী এপ্রিল-২০২২ এর মধ্যে ০২টি কর্মশালার আয়োজন করতে হবে।	প্রশিক্ষণ ও মানব সম্পদ বিভাগ
১.৪	সেবাবক্স হালনাগাদকরণ	ব্যাংকের গ্রাহকদের প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য তথ্য বাতায়নে বিভিন্ন সেবাবক্স রয়েছে। উক্ত সেবাবক্স সমূহ নিয়মিত হালনাগাদ করা হয়। উক্ত হালনাগাদকরণ কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় আলোচনা হয়। আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক সেবাবক্স সমূহ নিয়মিত হালনাগাদ রাখার নির্দেশনা রয়েছে। বিশদ আলোচনা শেষে সভাপতি মহোদয় তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ রাখার পরামর্শ প্রদান করেন।	তথ্য বাতায়নের সেবাবক্সসমূহে নিয়মিত হালনাগাদ রাখতে হবে।	আইসিটি বিভাগ
১.৫	দেশে বাস্তবায়িত উদ্যোগ পরিদর্শন	ব্যাংকের কর্মকর্তাদের উদ্ভাবনী কার্যক্রমে উৎসাহ প্রদান ও বাস্তব ভিত্তিক জ্ঞান অর্জনের জন্য দেশে বাস্তবায়িত উদ্যোগ পরিদর্শনের ভূমিকা। বাস্তবায়িত উদ্যোগ পরিদর্শনের জন্য বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারী পার্ক, গাজীপুর এবং শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্ক, যশোর-এই ২টি স্পটের বিষয়ে আলোচনা হয়। আলোচনা শেষে ইনোভেশন টিমের সদস্যগণ শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্ক, যশোর স্থানটি পরিদর্শনের সিদ্ধান্ত গ্রহন করেন।	শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্ক, যশোর উদ্যোগটি পরিদর্শনের জন্য কর্মকর্তাদের তালিকা ও সময় নির্ধারণ করতে হবে।	ইনোভেশন টিম
১.৬	বিদেশে উদ্ভাবনী প্রশিক্ষণে বিদেশ সফর	নতুন নতুন আইডিয়া জেনারেট ও ইতিমধ্যে প্রস্তাবিত আইডিয়া সমূহ বাস্তবায়নের জন্য কর্মকর্তাদের বিদেশে উন্নত প্রশিক্ষণের প্রয়োজনীয়তা রয়েছে। এ উদ্দেশ্যে ব্যাংকের উদ্ভাবনী আইডিয়া বাস্তবায়ন এবং ব্যাংকের উপযোগী নতুন নতুন আইডিয়া জেনারেটের জন্য কর্মকর্তাদের মনোনয়ন এবং বিদেশে প্রেরণের বিষয়ে সভায় বিশদ আলোচনা হয়। এ বিষয়টি ব্যাংকের উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিতকরণ এবং প্রয়োজনীয় পরামর্শ গ্রহন করা সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন কমিটি ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে বিষয়টি অবহিত করবেন এবং প্রয়োজনীয় পরামর্শ গ্রহন শেষে পরবর্তি সিদ্ধান্ত গ্রহন করবেন।	ইনোভেশন টিম

Head Office: 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217.
Phone No: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615
www.ansarvdpbank.gov.bd E-mail: info@ansarvdpbank.gov.bd

ক্র নং	আলোচনার বিষয়	আলোচনা	সভার সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
১.৭	উদ্ভাবনী উদ্যোগ আহবান	ব্যাংকের কার্যক্রম গতিশীলতা ও গ্রাহক সেবার মান উন্নয়নের জন্য আগামী ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য উদ্ভাবনী উদ্যোগ আহবান বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনায় পরবর্তি অর্থ বছরে বাস্তবায়নের জন্য উদ্ভাবনী উদ্যোগ আহবান করার প্রয়োজনীতা উপর গুরুত্ব আরোপ করা হয়।	আগামী ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য উদ্ভাবনী উদ্যোগ আহবান করতে হবে।	আইসিটি বিভাগ

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫/০২/২২
পলাশ হালদার
প্রিন্সিপাল অফিসার
আইসিটি বিভাগ
ও সদস্য-সচিব, ইনোভেশন টিম

১৫/০২/২২
মোহাম্মদ হাসান মাহমুদ
সিস্টেম এনালিস্ট
আইসিটি বিভাগ
ও সদস্য ইনোভেশন টিম

১৫/০২/২০২২
মোঃ মিজানুর রহমান
সহকারী মহাব্যবস্থাপক
নিরীক্ষা ও পরিদর্শন বিভাগ
ও সদস্য ইনোভেশন টিম

১৫/০২/২২
মোঃ আব্দুর রহিম
সহকারী মহাব্যবস্থাপক
প্রশিক্ষণ ও মানব সম্পদ বিভাগ
ও সদস্য ইনোভেশন টিম

15.02.22
মোঃ আলাউদ্দিন
মহাব্যবস্থাপক
(প্রশাসন মহাবিভাগ)
এবং
ইনোভেশন অফিসার

সূত্র নং- ২/২২/১১১/ ৫৭৩০ **তারিখঃ** ২৮.০২.২০২২

বিতরন:-

১। স্টাফ অফিসার টু জিএম, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। বিভাগ প্রধান, প্রশিক্ষণ ও মানব সম্পদ বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। বিভাগ প্রধান, নিরীক্ষা ও পরিদর্শন বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। জনাব পলাশ হালদার, প্রিন্সিপাল অফিসার, আইসিটি বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি: -

১। স্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার টু ডিএমডি, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার টু জিএম, মহাব্যবস্থাপক (অপারেশন/হিসাব ও নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

Head Office: 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217.
Phone No: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615
www.ansarvdpbank.gov.bd E-mail: info@ansarvdpbank.gov.bd